জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ
গৃহায়ণ ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং-জাগৃক/উপ(প্রপ্র)/২২/১৮১(৫ম খণ্ড)/৪৭০ — তারিখ : ৮/০৫/২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৪-২০১১ তারিখের পত্র নং-০৫.১৬৬.০১১.০০.০০.০১৭.২০০৯.২০৫ এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ৩০/০৬/২০১১ তারিখের পত্র নং গৃগম/শা-১/৫এ-১/২০০৬/৮৪১ এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-১০৮৪৯/২০১১ ও ১১৯১৪/২০১৪ এর গত ১২.০৪.২০১৭ তারিখের রায়ের প্রেক্ষিতে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এবং সরকারী বিধি অনুযায়ী জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিম্নবর্ণিত তৃতীয় শ্রেণীর শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সর্বোচ্চ বয়সসীমা
১	২	৩	৪	৫
০১	হিসাব সহকারী টাকা : ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ (গ্রেড-১৬)।	৩৬ (ছত্রিশ)	সরকার অনুমোদিত কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে/জিপিএ ২.০০ (গ্রেড-সি) পেয়ে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্সসহ বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ নির্ভুল শব্দে টাইপিং গতি থাকতে হবে।	৩০ (ত্রিশ বৎসর)
০২	অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর টাকা : ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ (গ্রেড-১৬)।	২২ (বাইশ)	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে/জিপিএ ২.০০ (গ্রেড-সি) পেয়ে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্সসহ বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ নির্ভুল শব্দে টাইপিং গতি থাকতে হবে।	৩০ (ত্রিশ বৎসর)

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

১। আগ্রহী প্রার্থীদের সংযুক্ত ছক অনুযায়ী নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (১১/০৬/২০১৭ তারিখে) জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ সম্বলিত নিজ স্বাক্ষরযুক্ত পূরণকৃত দরখাস্ত এবং সেই সাথে জাতীয়তার সনদপত্র (ইউনিয়ন/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা সত্যায়িত ছবি, শিক্ষাগত, পেশাগত বা অভিজ্ঞতার (প্রযোজ্য মতে) সকল সনদপত্রের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপিসহ আগামী ০৫/০৬/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, গৃহায়ণ ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা এর বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়সীমার পর যে কোনভাবে প্রাপ্ত দরখাস্ত কোনক্রমেই গ্রহণ করা হবে না। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

২। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। প্রত্যেক প্রার্থীকে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, ঢাকা এর অনুকূলে আবেদনের সাথে প্রদান করতে হবে।

৪। সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।

৫। হিসাব সহকারী পদে গাজীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, টাংগাইল, কুমিল্লা, বগুড়া, রংপুর, গাইবান্ধা, খুলনা, মাগুরা, বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৬। অফিস সহকারী পদে ঢাকা, শরীয়তপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, খুলনা, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, যশোর, পিরোজপুর, সিলেট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৭। তবে এতিম ও প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৮। দরখাস্তের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার উপযুক্ত প্রমাণপত্র এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সনদের সত্যায়িত কপিসহ আবেদন দাখিল করতে হবে।

৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) স্মারক নং-০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ তারিখ ০৯ মে ২০১১ খ্রিঃ পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সহিত তাহাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যাহা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হইতে হইবে, এর সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

১০। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

১১। সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। হিসাব সহকারী ও অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য আবেদনকারীদের বয়স ১১/০৬/২০১৭ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে এর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বৎসর।

১৩। আবেদনপত্রের প্রেরণের খামের উপরের অংশে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১৪। পরীক্ষা গ্রহণ/সাক্ষাৎকার এর জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৫। যে সকল প্রার্থীগণ নিয়োগ লাভের জন্য ইতোপূর্বে আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন অত্র কর্তৃপক্ষে সংরক্ষিত আছে।

১৬। ০৫/০৬/২০১৭ খ্রিঃ আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ।

১৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যার হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৮। কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। এ বিজ্ঞপ্তি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে www.nha.gov.bd দেখা যাবে।

খন্দকার আখতারুজ্জামান
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, দুই কপি)

১. পদের নাম :

২. বিজ্ঞপ্তি নম্বর : তারিখ : দি ন মা স ব ৎ স র

৩. প্রার্থীর নাম বাংলায় :
ইংরেজীতে (বড় অক্ষরে) :

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর :
জন্ম নিবন্ধন নম্বর :
(যে কোন একটি)

৫. জন্ম তারিখ :

৬. জন্ম স্থান (জেলা) :

৭. বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : বছর মাস দিন

৮. মাতার নাম :

৯. পিতার নাম :

১০. ঠিকানা	বর্তমান	স্থায়ী
বাসা ও সড়ক (নাম/নম্বর) :		
গ্রাম/পাড়া/মহল্লা :		
ইউনিয়ন/ওয়ার্ড :		
ডাকঘর :		
পোস্টকোড নম্বর :		
উপজেলা :		
জেলা :		
১১. যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২. জাতীয়তা :

১৩. জেন্ডার :

১৪. ধর্ম :

১৫. পেশা :

১৬. শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) :

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :

১৯. কোটা (টিক দিন) :		
মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন :)

২০. চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : তারিখ : দি ন মা স ব ৎ স র
ব্যাংক ও শাখার নাম :

২১. বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) হ্যাঁ না প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ : দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর :

ডিজি-৯১৭/১৭ (২০″×৪)